

## অসম্ভব মেধাবী কোটায় ভর্তি মন্ত্রণালয়ের নির্দেশ মানেনি ৬ মেডিকেল কলেজ

### মুদ্রণের বিশেষ

বেসরকারি মেডিকেল কলেজে এবিবিএস প্রথম বর্ষ (২০১১-২০১২ শিক্ষাবর্ষ) মেধারী ও অসম্ভব কোটায় সংরক্ষিত পতকরা পাঁচ ভাগ শিকারী ভর্তির ক্ষেত্রে বাহ্য মন্ত্রণালয়ের নির্বাচিত তালিকা অনুসরণ করেনি ছয় মেডিকেল কলেজ।

কলেজগুলো হল— চট্টগ্রাম বিজিদি টাউ মেডিকেল কলেজ, কুমিল্লা মেডিকেল কলেজ ও এনএইচ শহরিতা মেডিকেল কলেজ, ঢাকা, ইস্ট ওয়েস্ট মেডিকেল কলেজ, তুরাগ, তায়রুনেছা মেমোরিয়াল মেডিকেল কলেজ, পাজীপুর ও ইস্টার্ন মেডিকেল কলেজ, কুমিল্লা। এসব মেডিকেল কলেজে বীতিযাচা উপেক্ষা করে শিকারী ভর্তির জন্য রেজিস্ট্রেশন প্রদান না করার অনুরোধ জানিয়েছে বাহ্য মন্ত্রণালয়। সরকারি আইন ও নীতি অনুসরণ না করার কারণে কেন উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর সরকারি অনুমোদন বাতিলসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারণ পর্শাও নোটিশ জারিসহ সার্বিক বিষয়টি তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠানোর জন্য বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিপি), ঢাকা বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারকে অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছে বাহ্য মন্ত্রণালয়।

৯ এপ্রিল মন্ত্রণালয়ের পিনিয়র সহকারী সচিব বাহুফুজা আক্তার দ্বারকিত চিঠিতে বলা হয়, ইস্ট ওয়েস্ট মেডিকেল কলেজে একজন (মোঃ তানভীর আলম, রোল ১১০৫০১), তায়রুনেছা মেমোরিয়াল

মেডিকেল কলেজে একজন (রাভিব চক্রবর্তী, রোল নম্বর ২১০৮২৯ ও ইস্টার্ন মেডিকেল কলেজে দু'জনকে (কানিজ ফাতেমা জবি, রোল নম্বর ১৫৪০১০ ও তাহমিনা ফাতেমা হোসাইন, রোল নম্বর ১৫২৭০) সর্বমিলিট মেডিকেল কলেজ কর্তৃপক্ষ নিজেদের ইচ্ছানুসারে ভর্তি করেছে।